

## 💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ দৈনন্দিন ও সামাজিক জীবনাচার রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-কাহত্বানী

৬৩. বৃষ্টি চাওয়ার কিছু দো'আ

169-(1) «اللَّهُمَّ اسْقِنَا غَيْثاً مُغِيثاً مَرِيئاً مَرِيئاً مَرِيعاً، نَافِعاً غَيْرَ ضَارٍّ، عَاجِلاً غَيْرَ آجِلِ».

(আল্লা-হুম্মা আসকিনা গাইসান মুগীসান মারী'য়ান মারী'আন না-ফি'আন গাইরা দ্বাররিন 'আ-জিলান গাইরা আ-জিলিন)।

১৬৯-(১) "হে আল্লাহ! আমাদেরকে এমন বৃষ্টির পানি দান করুন যা সাহায্যকারী, সুপেয়, উর্বরকারী; কল্যাণকর, ক্ষতিকর নয়; শীঘ্রই, বিলম্বে নয়।"[1]

170-(2) «اللَّهُمَّ أَغِثْنَا، اللَّهُمَّ أَغِثْنَا، اللَّهُمَّ أَغِثْنَا».

(আল্লা-হুম্মা আগিসনা, আল্লা-হুম্মা আগিসনা, আল্লা-হুম্মা আগিসনা)।

১৭০-(২) "হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দিন। হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দিন। হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দিন।"[2]

171-(3) «اللَّهُمَّ اسْق عِبَادَكَ، وَبَهَائِمَكَ، وَانْشُرْ رَحْمَتَكَ، وَأَحْيى بَلَدَكَ الْمَيّتَ».

(আল্লা-হুম্মাসিকি ইবা-দাকা ওয়া বাহা-ইমাকা ওয়ানুভর রহমাতাকা ওয়া আহয়ি বালাদাকাল মায়্যিতা)।

১৭১-(৩) "হে আল্লাহ! আপনি আপনার বান্দাগণকে ও জীব- জন্তুগুলোকে পানি পান করান, আর আপনার রহমত বিস্তৃত করুন এবং আপনার মৃত শহরকে সজীব করুন।"[3]

## ফুটনোট

- [1] আবু দাউদ, ১/৩০৩, নং ১১৭১। আর শাইখ আলবানী সহীহ আবি দাউদে একে সহীহ বলেছেন, ১/২১৬।
- [2] বুখারী ১/২২৪, নং ১০১৪; মুসলিম ২/৬১৩, নং ৮৯৭।
- [3] আবূ দাউদ ১/৩০৫, নং ১১৭৮। আর শাইখ আলবানী তাঁর সহীহ আবি দাউদে একে হাসান বলেছেন, ১/২১৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=980

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন